



## বাংলাদেশ কমার্স ব্যাংকের ক্ষুদ্র ঋণ বিতরণ কার্যক্রম

বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড জুবিলী রোড শাখা চট্টগ্রাম কর্তৃক ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান (এমএফআই) ভলান্টারি এক-টিভিটিস ফর সোস্যাল এন্ড হিউমেন এডভান্সমেন্ট ফাউন্ডেশন (ভিএসএইচএ) কে ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনার জন্য অর্থায়ন করা হয়েছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ)-এর সনদ পত্র ও প্রত্যায়িত ভিএ-এসএইচএ ফাউন্ডেশন চট্টগ্রাম জেলার ৬টি উপজেলার বিভিন্ন কর্ম এলাকায় ঋণ বিতরণ করবে।

বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, জুবিলী রোড শাখা, চট্টগ্রামের শাখা ব্যবস্থাপক মোহাম্মদ আরিফ উদ্দীন ঋণের মঞ্জুরিপত্র ও সমঝোতা চুক্তি কপি ভিএসএইচএ ফাউন্ডেশন এর প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল-এর নিকট হস্তান্তর করেন।

বাংকের জুবিলী রোড শাখায় হস্তান্তর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শাখার অপারেশন ম্যানেজার জাহেদুল ইসলাম ও ক্রেডিট ইনচার্জ মো. শাহনেওয়াজ এবং ক্রেডিট অফিসার মো. বেদারুল ইসলাম।-বিজ্ঞপ্তি